# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 21-07-2025 Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) কলকাতা হাইকোর্টের নির্দেশ মত নানা শর্ত মেনে আজ ধর্মতলায় শাসকদল তৃণমূল কংগ্রেসের শহীদ সমাবেশ। রয়েছে ব্যাপক পুলিশি বন্দোবস্ত।

বিজেপির যুব মোর্চার উত্তরকন্যা অভিযান আজ।

২) সংসদের বাদল অধিবেশনের আজ সূচনা হচ্ছে। অপারেশন সিন্দুর সহ বিভিন্ন বিষয়ে সরকার আলোচনায় প্রস্তুত বলে জানিয়েছেন, সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজেজু।

৩) যোগ্যতার ভিত্তিতে পাওয়া চাকরির পুনর্বহালের দাবি নিয়ে যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চের প্রতিনিধিরা আজ দিল্লী যাচ্ছেন। এসএসসির নতুন নিয়োগ পরীক্ষায় বসার আবেদন জানানোর সময়সীমা আজ শেষ হচ্ছে।

৪) স্কুল সার্ভিস কমিশনের প্রায় ২৬ হাজার চাকরি বাতিল নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিরুদ্ধে দায়ের আদালত অবমাননার মামলার আজ শুনানি।

৫) রাজ্যের প্রাক্তন মন্ত্রী তথা প্রবীণ কংগ্রেস নেতা আবু হেনা প্রয়াত।

--------------------------------------------------------------------------------

কলকাতা হাইকোর্টের নির্দেশ মত নানা শর্ত মেনেই আজ ধর্মতলায় শাসকদল তৃণমূল কংগ্রেসের শহীদ সামবেশ।

১৯৯৩ সালের ২১ জুলাই যুব কংগ্রেসের মহাকরণ অভিযান কে কেন্দ্র করে অশান্তিতে পুলিশের গুলিতে ১৩ জন যুব কংগ্রেস কর্মীর মৃত্যু হয়। সেই ঘটনার স্মরণে প্রতিবছর তৎকালীন যুব কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জি দিনটি পালন করেন।

সকাল থেকেই ধর্মতলার মূল অনুষ্ঠান মঞ্চকে কেন্দ্র করে শহরের নানা পথ দিয়ে যাচ্ছে একের পর এক মিছিল। পুলিশের তরফ থেকে ব্যাপক বন্দোবস্ত করা হয়েছে। একটি প্রতিবেদন -

ভিসি- অভিরূপ

---------------------

সভার প্রস্তুতি খতিয়ে দেখার পর গতকাল দলের প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলেন, ইতিমধ্যেই চার লক্ষ মানুষ সমাবেশে যোগ দিতে কলকাতা পৌঁছেছেন। এই সমাবেশকে গণতন্ত্র রক্ষার কর্মসূচী বলে উল্লেখ করেন তিনি। বিজেপির উত্তরকন্যা অভিযানকেও কটাক্ষ করেন মমতা।

বাইট – মমতা

অন্যদিকে, দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় গতকাল দলীয় কর্মীদের রাত্রিবাসের জন্য নির্দিষ্ট একাধিক স্থান ঘুরে দেখেন। গীতাঞ্জলি স্টেডিয়াম ঘুরে তিনি যান, সেন্ট্রাল পার্কের শিবিরে।

২০১১ সালের ব্রিগেড সমাবেশের পর সিপিআইএম যেভাবে পরাজিত হয়েছিল, তৃণমূল কংগ্রেসের ক্ষেত্রেও তাই হতে চলেছে বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন।

বাইট – সুকান্ত

---------------------

এদিকে, ২১ –শে জুলাই-এর শহীদ সমাবেশকে কটাক্ষ করেছে বিরোধীরা। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বলেছেন, ২১-শে জুলাই আসলে শোকের দিন। ১৯৯৩ সালে ওই দিনে তৃণমূল কংগ্রেসের অস্তিত্ব ছিল না। ফলে, এই দিনটির সঙ্গে কংগ্রেসের আবেগ এবং আদর্শ জড়িয়ে আছে।

প্রাক্তন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী জানিয়েছেন, বোমার আঘাতে স্কুল ছাত্রী তামান্নার মৃত্যু ও অভয়ার ন্যায় বিচারের দাবিতে কংগ্রেস আজ মুর্শিদাবাদের পলাসীতে শহীদ দিবস পালন করবে।

গতকাল দক্ষিণ কলকাতা জেলা কংগ্রেস কমিটির তরফে ময়দানে শহীদ বেদিতে পুষ্পার্ঘ্য অর্পন করে শ্রদ্ধা চালানো হয়।

---------------------

হাইকোর্টের নির্দেশ পাওয়ার পর শিলিগুড়িতে জোরকদমে চলেছে বিজেপি-র যুব মোর্চার উত্তরকন্যা অভিযানের প্রস্তুতি। যদিও উত্তরবঙ্গের সচিবালয় উত্তরকন্যা পর্যন্ত পৌঁছনোর অনুমতি মেলেনি। তিনবাত্তি মোড় থেকে মিছিল শুরু হয়ে চুনাভাটি মোড় ঘুরে তা পৌঁছবে ভিডিওকন গ্রাউন্ড পর্যন্ত। সমাবেশ সেখানেই করতে হবে।

সভায় ১০ হাজার মানুষ উপস্থিত থাকতে পারবেন বলে হাইকোর্ট জানিয়েছে। যদিও বিজেপি-র অভিযোগ  মঞ্চ তৈরির কাজে তৃণমূল কংগ্রেস ও প্রশাসনের পক্ষ থেকে ইচ্ছাকৃতভাবে বাধা দেওয়া হচ্ছে। যুব মোর্চার রাজ্য সভাপতি ইন্দ্রনীল খাঁ জানিয়েছেন, সংগঠন এই কর্মসূচী সফল করতে বদ্ধপরিকর।

বাইট – ইন্দ্রনীল

---------------------

আর জি কর হাসাপাতালে চিকিৎসক তরুণী ধর্ষণ ও খুনের ঘটনায় সব দোষীর গ্রেপ্তার এবং উপযুক্ত শাস্তির দাবিতে অভয়া মঞ্চের তরফে গতকাল সোদপুরে তাঁর বাড়ি থেকে মশাল মিছিল আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন অভয়ার মা ও বাবা। শহীদ সমাবেশের মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী তাদের মেয়ের সম্পর্কে কি বলেন, সেদিকে তাদের নজর থাকবে বলে অভয়ার বাবা সংবাদমাধ্যমকে জানিয়েছেন।

বাইট - অভয়ার বাবা

---------------------

দেশের বিভিন্ন প্রান্তে বাংলাভাষী শ্রমিকদের উপর আক্রমণ, তাঁদের অবৈধ বাংলাদেশী অনুপ্রবেশকারী বলে চিহ্নিত করা সহ একাধিক অভিযোগে কয়েকটি বামপন্থী দল আগামী বুধবার কলকাতায় মিছিল করবে। ধর্মতলা লেনিন মূর্তি প্রাঙ্গণ থেকে রামলীলা পার্ক পর্যন্ত যাবে মিছিল। সিপিআই(এম), সিপিআই, ফরওয়ার্ড ব্লক, আরএসপি, সিপিআই (এম এল) লিবারেশন প্রভৃতি দল এই মিছিলে যোগদান করবে।

পরিযায়ী শ্রমিকদের ওপর বিভিন্ন রাজ্যে দমন পীড়ন চলছে বলে অভিযোগ করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি লিখেছেন কংগ্রেস নেতা অধীর চৌধুরী। বিষয়টিতে তিনি কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপ চেয়েছে।

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এমাসের ২৭ তারিখ আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৪-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে এমাসের ২৫ তারিখ পর্যন্ত মতামত জানানো যাবে।

--------------------

অপারেশন সিন্দুর সহ বিভিন্ন বিষয়ে কেন্দ্রীয় সরকার সংসদে আলোচনায় প্রস্তুত বলে জানিয়েছে। সংসদের বাদল অধিবেশন শুরুর প্রাক্কালে গতকাল সর্বদলীয় বৈঠকের পর সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজেজু একথা জানান।

বাইট - কিরেণ রিজেজু

বিভিন্ন রাজনৈতিক দলের ৪০ জন প্রতিনিধি সর্বদলীয় বৈঠকে অংশ নেন।

উল্লেখ্য, আজ শুরু হচ্ছে সংসদের বাদল অধিবেশন। ২১ শে আগস্ট পর্যন্ত অধিবেশন চলবে।

--------------------

যোগ্যতার ভিত্তিতে পাওয়া চাকরিতে পুনর্বহালের দাবি নিয়ে আজ দিল্লি যাচ্ছেন যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চ। সেখানে একগুচ্ছ কর্মসূচী রয়েছে চাকরিহারাদের।

২২ থেকে ২৪ তারিখ পর্যন্ত দিল্লির রামলীলা ময়দানে তাঁরা ধর্না কর্মসূচি পালন করবেন। সেই সঙ্গে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং লোকসভার অধ্যক্ষকে নিজেদের দাবি সম্বলিত স্মারকলিপি জমা দিয়ে সাক্ষাতের আর্জিও জানাবেন। ২৪ তারিখ দিল্লি প্রেস ক্লাবে নাগরিক সমাজের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন চাকরিহারারা। কলকাতা ছাড়াও বর্ধমান ও মালদা থেকে চাকরিহারা শিক্ষকরা দিল্লিতে এই কর্মসূচিতে যোগ দিতে যাবেন।

---------------------

স্কুল সার্ভিস কমিশনের নতুন নিয়োগ পরীক্ষায় আবেদন জানিয়েছেন চাকরিহারা যোগ্য শিক্ষক-শিক্ষিকাদের অনেকেই। আজই, পরীক্ষায় বসার আবেদন জানানোর সময়সীমা শেষ হচ্ছে। প্রথমে এসএসসি নিয়োগ নতুন পরীক্ষা নিয়ে তীব্র আপত্তি জানিয়েছিলেন যোগ্য চাকরিহারা শিক্ষক-শিক্ষিকারা। তাঁরা কেউই পরীক্ষায় বসবেন না বলে প্রথমে অনড় ছিলেন। যদিও পরে সে সিদ্ধান্ত বদল করেন। যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চের আহবায়ক মেহবুব মন্ডল বলেন, দাগিরা পরীক্ষায় বসতে পারবে না বলে আদালত নির্দেশ দিয়েছে। সেই কারণেই যোগ্য চাকরিহারা শিক্ষক-শিক্ষিকারা নতুন পরীক্ষায় বসার আবেদন জানিয়েছেন। তবে রিভিউ পিটিশনের মাধ্যমেই তাদের চাকরি ফেরানোর ব্যবস্থা করতে হবে বলে দাবি জানিয়েছেন।

---------------------

সুপ্রিম কোর্টে স্কুল সার্ভিস কমিশনের প্রায় ২৬ হাজার চাকরি বাতিল মামলার রায় নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিরুদ্ধে দায়ের আদালত অবমাননার মামলার আজ

শুনানি। ‘আত্মদীপ’ নামে একটি সংগঠন ওই মামলাটি দায়ের করেছে। প্রধান বিচারপতি বিআর গবইয়ের নেতৃত্বে বিচারপতি কে বিনোদ চন্দ্রন এবং বিচারপতি এনভি অঞ্জরিয়ার তিন সদস্যের বেঞ্চে বেলা ১১টা নাগাদ শুনানি রয়েছে। সংগঠনটির বক্তব্য, গত ৩রা এপ্রিল এসএসসি মামলার রায় ঘোষণা করেছিল সুপ্রিম কোর্ট। সেই রায় নিয়ে ইচ্ছাকৃতভাবে বিতর্কিত মন্তব্য করেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী।

--------------------

ট্রেনের ধাক্কায় হাতি মৃত্যুর ঘটনায় তীব্র ক্ষোভ প্রকাশ করে রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণোকে চিঠি দিয়েছেন রাজ্যের বন মন্ত্রী বীরবাহা হাঁসদা। রেল ও বন দপ্তরের যৌথ বৈঠকে একাধিক গুরুত্বপূর্ণ প্রস্তাব দেওয়া হলেও রেল কর্তৃপক্ষ দীর্ঘদিন ধরেই সেই প্রস্তাবগুলি উপেক্ষা করছে বলে চিঠিতে অভিযোগ করেছেন তিনি। বন দপ্তরের হোয়াটসঅ্যাপ গ্রুপে ঐ এলাকায় হাতির উপস্থিতির বার্তা দেওয়ার পরেও ট্রেনের গতি কেন কমানো হয়নি, সেই প্রশ্নও উঠছে।

এদিকে, বৃহস্পতিবার রাতে তিনটি হাতির ট্রেনের ধাক্কায় মৃত্যুর ঘটনায় বন দপ্তর ইতোমধ্যেই ঝাড়গ্রাম জিআরপি-তে তিনজন রেল কর্মীর বিরুদ্ধে এফআইআর দায়ের করেছে।

--------------------

রাজ্যের প্রাক্তন মন্ত্রী তথা প্রবীণ কংগ্রেস নেতা আবু হেনা প্রয়াত হয়েছেন। বয়স হয়েছিল ৭৫ বছর। মুর্শিদাবাদ জেলা কংগ্রেস কমিটির সভাপতি পদে ছিলেন তিনি। গতকাল রাত পৌনে এগারোটা নাগাদ সল্টলেকে বাসভবনে তাঁর মৃত্যু হয়। ১৯৯১ থেকে ২০১১ পর্যন্ত পাঁচ বার রাজ্য বিধানসভায় নির্বাচিত হয়েছিলেন তিনি। সামলেছেন মৎস্য

এবং খাদ্য প্রক্রিয়াকরণের মত দপ্তর। আজ মুর্শিদাবাদের লালাগোলায় তাঁর গ্রামে শেষকৃত্য অনুষ্ঠিত হবে। আবু হেনার মৃত্যুতে শোক প্রকাশ করেছেন কংগ্রেস নেতা অধীর চৌধুরী।

---------------------

সক্রিয় মৌসুমী অক্ষরেখা এবং নিম্নচাপ অক্ষরেখার কারণে আগামীকাল পর্যন্ত বিভিন্ন জেলায় বৃষ্টি চলবে।

এদিকে ২৪ তারিখ থেকে উত্তর বঙ্গোপসাগরে ফের তৈরি হতে পারে নিম্নচাপ অঞ্চল। আগামী বুধবার থেকে কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বৃষ্টির পরিমাণ বাড়তে চলেছে। বুধবার দুই ২৪ পরগণা এবং দুই মেদিনীপুরের পাশাপাশি হাওড়া, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়ায় ভারি বৃষ্টির হলুদ সতর্কতা জারি করা হয়েছে। ২৪ তারিখ থেকে মৎস্যজীবীদের সমুদ্রে না যাওয়ার পরামর্শ দিয়েছে আবহাওয়া দপ্তর।

-------------------- --------------------